

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة _ الفصل الثاني

আরবী

وَعَن أَبِي رَافِع وَغَيرِه رَفِعِه قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا أُلْفِيَنَّ أَحَدَكُمْ مُتَّكِئًا عَلَى أُرِيكَتِهِ يَأْتِيهِ أَمر مِمَّا أَمَرْتُ بِهِ أَوْ نَهَيْتُ عَنْهُ فَيَقُولُ لَا أَدْرِي مَا وَجَدْنَا فِي كَتَابِ اللَّهِ اتَّبَعْنَاهُ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَالْبَيْهَقِيِّ فِي دَلَائِل النَّبُوَّة. وَقَالَ التِّرْمِذِيِّ حسن صَحِيح

বাংলা

১৬২-[২৩] আবৃ রাফি' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি তোমাদের কাউকেও যেন এরূপ অবস্থায় না দেখি যে, সে তার গদিতে হেলান দিয়ে বসে থাকবে। আর তার নিকট আমার নির্দেশাবলীর কোন একটি পৌঁছবে, যাতে আমি কোন বিষয় আদেশ করেছি অথবা কোন বিষয় নিষেধ করেছি। তখন সে বলবে, আমি এসব কিছু জানি না, যা কিছু আমি আল্লাহর কিতাবে পাবো তার অনুসরণ করবো। (আহমাদ, আবৃ দাউদ, তিরমিয়ী, ইবনু মাজাহ ও বায়হাক্কী'র ''দালায়িলুন্ নুবুওয়াাহ্'' গ্রন্থে)[1]

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২৩৩৪৯, আবূ দাউদ ৪৬০৫, তিরমিয়ী ২৬৬৩, ইবনু মাজাহ্ ১৩, সহীহুল জামি' ৭১৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসও যে শারী আতের অকাট্য দলীল এটা তার প্রমাণ। সুতরাং হাদীস থেকে বিমুখ ব্যক্তি অবশ্যই কুরআনকেও অমান্যকারী হবে। হাদীসটি নুবূওয়্যাতের দলীল এবং অন্যতম নিদর্শন। এই হাদীসে যে সংবাদ দেয়া হয়েছে তা ইতোমধ্যে ঘটেও গেছে। পাকিস্তানের পাঞ্জাবের লোকেদের নিকট যা মোটেও অস্পষ্ট নয়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন